

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়
৮৫ পূর্ব পাঠানপাড়া, চাঁপাইনবাবগঞ্জ।
www.dnc.chapainawabganj.gov.bd

নং- ৫৮.০২.৭০০০.১৪১.২৩.০০১.২২.২১৭

তারিখ : ১২ বৈশাখ ১৪৩১
২৫ এপ্রিল ২০২৩

বিষয়ঃ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা
আয়োজন প্রসঙ্গে।

সূত্র : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অপারেশনস্ অধিশাখার ২২.০৪.২০২৪ খ্রি: তারিখের ১০৭ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জুন ২০২৪ “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস”। দিবসটি যথাযথভাবে উদযাপনের অংশ হিসেবে শিশু কিশোরদের মাঝে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমীর সহযোগিতায় আগামী ২০.০৫.২০২৪ খ্রি: তারিখের মধ্যে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করার জন্য সূত্রোক্ত স্মারকমূলে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রতি বছরের ন্যায় এ বছরও চাঁপাইনবাবগঞ্জ জেলায় নিম্নবর্ণিত ৪টি গ্রুপে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বর্ণিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার তারিখ নির্ধারণসহ চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রতিযোগিতা অনুষ্ঠানের ব্যয়ভার এ কার্যালয় কর্তৃক বহন করা হবে।


চিত্রাঙ্কন প্রতিযোগিতার গ্রুপ ও বিষয়বস্তু :

- ১। ক- গ্রুপঃ ১ম-৩য় শ্রেণী বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য।
বিষয় : “সবুজ প্রকৃতির আমার দেশ, মাদকমুক্ত বাংলাদেশ”
- ২। খ- গ্রুপঃ ৪র্থ-৭ম শ্রেণী বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য।
বিষয় : “স্বাধীনতা এনেছি মুক্ত করেছি দেশ, নেশা মুক্ত জীবন গড়বো, গড়বো স্মার্ট বাংলাদেশ”
- ৩। গ- গ্রুপঃ ৮ম-১০ম শ্রেণী বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য।
বিষয় : “পরাধীন নই আমি নই মুখাপেক্ষী কারো, নেশাকে বলি ‘না’ বাড়াই আত্মশক্তি আমরা”
- ৪। ঘ- গ্রুপঃ বিশেষ চাহিদা সম্পন্ন শিশু
বিষয় : “উন্মুক্ত বিষয়”

প্রতিযোগিতার নিয়মাবলীঃ

- ১। চাঁপাইনবাবগঞ্জ জেলার ১ম-১০ম শ্রেণী বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী এবং সকল বিশেষ চাহিদা সম্পন্ন শিশু উপর্যুক্ত গ্রুপে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। ১৬ ইঞ্চি X ১১ ইঞ্চি কার্টিজ পেপার চিত্রাঙ্কন করতে হবে।
- ৩। চিত্রাঙ্কনের সাথে আলাদা কাগজে প্রতিযোগির নাম, পিতা/অভিভাবকের নাম, যোগাযোগের ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে পুরস্কৃত করা হবে।

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমী
চাঁপাইনবাবগঞ্জ।


(মোহাম্মদ আনিছুর রহমান খান)
উপপরিচালক
ফোনঃ ০২৫৮৮৮৯৩১০৯
ই-মেইল: chapainawabganj@dnc.gov.bd

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটি, চাঁপাইনবাবগঞ্জ।
- ২। পরিচালক (অপারেশনস্ ও গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৪। পরিদর্শক, ক-সার্কেল, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।